ই-মেইল/ফ্যাক্স/ডাকযোগে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.০৫.০০১.১৭-২৭

তারিখ: ১৫ মাঘ ১৪২৪ / ২৮ জানুয়ারি ২০১৮

**বিষয়ঃ ২৪/০১/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৪/০১/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বিএমসি সভার কার্যবিবরণী-২ পাতা।
কর্মকর্তাগণের উপস্থিতির তালিকা-২ পাতা।

২৮/০১/১৮

(ড. শেখ হারুনুর রশিদ আহমদ)
যুগ্মসচিব (বাজেট)
ফোনঃ ৯৫৫১০০৭
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (মৎস্য/প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৫. যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-৪/ব্লু ইকোনমি), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
৮. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৯. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১১. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১২. উপ-পরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১৩. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৪. উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রানিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিস্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৮. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৯. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
২০. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

**অনুলিপি (জ্ঞাতার্থে):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

# ২৪/০১/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ মাকসুদুল হাসান খান<br>সচিব<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬) |
| তারিখ | : | ২৪/০১/২০১৮ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩.৩০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

**বিগত সভার কার্যবিবরনী নিশ্চিতকরণ:** সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) বিগত ১১/০১/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী প্রাপ্তি সাপেক্ষে-এর উপর কমিটির সকল সদস্যগণের মতামত আহ্বান করেন। এ প্রেক্ষিতে কমিটির সকল সদস্য বর্ণিত কার্যবিবরণী পেয়েছেন মর্মে সভাকে অবহিত করেন এবং এ বিষয়ে কারো কোন সংশোধনী প্রস্তাব না থাকায় বিগত সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

**১.০ আলোচ্যসূচি-১: মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০১৭) এবং অর্ধবার্ষিক প্রতিবেদন (জুলাই-ডিসেম্বর/২০১৭) মূল্যায়নঃ**

যুগ্মসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, ২০১৭-২০১৮ অর্থবছরে মন্ত্রিপরিষদ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫টি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ৫৮টি কার্যক্রম এবং ৫টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ২২ টি কার্যক্রম নির্ধারণ করা হয়েছে। কার্যক্রমওয়ারী লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০১৭) এবং অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০১৭) বাস্তবায়ন অগ্রগতির বিস্তারিত সভায় উপস্থাপন করেন। সভাপতি মহোদয় ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০১৭) এবং অর্ধবার্ষিক (জুলাই-ডিসেম্বর/২০১৭) বাস্তবায়ন অগ্রগতির উপর সভায় আগত সদস্যগণকে তাদের মতামত উপস্থাপনের আহ্বান জানান। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর অধিদপ্তরের আওতাধীন উদ্দেশ্যগত কৌশলের কার্যক্রম নং ১.১, ১.২, ১.৩, ১.৮ এবং ৪.১ নির্দেশকের বিপরীতে অর্জন মৌসুমের সাথে সম্পর্কিত। তবে নির্দিষ্ট সময়ে তা পুরোপুরি অর্জিত হবে মর্মে সভাকে জানান।

মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর সংস্থার আওতাধীন উদ্দেশ্যগত কৌশলের কার্যক্রম নং ১.৬ এবং ১.১৭ নির্দেশকের বিপরীতে ২০১৭-১৮ অর্থবছরের গবেষণা কার্যক্রম এখনও চলমান রয়েছে। ফলে প্রযুক্তি এখনও উদ্ভাবিত হয় নাই। অর্থবছরের শেষ পর্যায়ে (মে-জুন মাসে) গবেষণার চূড়ান্ত তথ্য সংগ্রহ করে প্রযুক্তি উদ্ভাবনের কাঙ্খিত সংখ্যা নিশ্চিত করা হবে। বিগত বছরের উদ্ভাবিত প্রযুক্তি সমূহের ২টি প্রযুক্তি অতি শীঘ্রই মৎস্য অধিদপ্তরের কাছে হস্তান্তরের প্রক্রিয়া চলমান রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত অর্জন সম্ভব হবে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর সংস্থার আওতাধীন উদ্দেশ্যগত কৌশলের কার্যক্রম নং ২.১০, ৫.৭ এবং ৫.৮ নির্দেশকের বিপরীতে কেনডিডেট বুল তৈরির উদ্দেশ্যে ইতোমধ্যে ৩৯টি ষাঁড় বাছুর মাঠ পর্যায় থেকে সংগ্রহ করা হয়েছে এবং সেগুলোর ফেনোটাইপিক ও জেনোটাইপিক পরীক্ষা-নিরীক্ষা চলছে। পরীক্ষা শেষে কেনডিডেট বুল তৈরি করা সম্ভব হবে। বিষয়টি সময় সাপেক্ষ বিধায় কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন হয়নি। তাছাড়া হাঁস-মুরগির খামার রেজিস্ট্রেশন নীতিমালায় ব্রয়লার/লেয়ার খামারের ক্ষেত্রে নূন্যতম ১০০০টি পোল্ট্রি থাকতে হবে বিধায় ১০০০ এর কম পোল্ট্রি পালনকারী খামারগুলো রেজিস্ট্রেশনের আওতায় আসছে না ফলে পোল্ট্রি খামার রেজিস্ট্রেশন কম হয়েছে। বর্তমানে ইনটেনসিভ পদ্ধতিতে আধুনিক প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে পোল্ট্রি ও গবাদিপশুর খামার বৃদ্ধি পাচ্ছে। সে অনুযায়ী খামার রেজিস্ট্রেশনের সংখ্যা তুলনামূলকভাবে কম হচ্ছে। তবে অত্যাধুনিক খামার পদ্ধতিতে মোট উৎপাদন বাড়ছে। গবাদিপশুর খামার রেজিস্ট্রেশনের নতুন নীতিমালা অনুযায়ী খামার রেজিস্ট্রেশনের নূন্যতম ১০টি (সি শ্রেণি) গাভী, ছাগল ও ভেড়ার ক্ষেত্রে নূন্যতম ২০টি করে ছাগল ও ভেড়া থাকতে হবে বিধায় এখন ছোট খামারী রেজিস্ট্রেশনের আওতাভূক্ত হচ্ছে না, ফলে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হয়নি। নির্দিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত অর্জন সম্ভব হবে।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট-এর প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর সংস্থার আওতাধীন উদ্দেশ্যগত কৌশলের কার্যক্রম নং ২.১১ এবং ২.১২ নির্দেশকের বিপরীতে ২০১৭-১৮ অর্থবছরের গবেষণা প্রকল্পের প্রস্তাবনা সমূহ পর্যালোচনা ও মূল্যায়নের জন্য বিশেষজ্ঞ ও কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত হয়। গবেষণা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। বার্ষিক রিসার্চ রিভিউ কর্মশালা ২০১৭ এ ৪টি প্রযুক্তি হস্তান্তর করা হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাঙ্খিত অর্জন সম্ভব হবে।

অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর দপ্তরের আওতাধীন উদ্দেশ্যগত কৌশলের কার্যক্রম নং ৪.৭ নির্দেশকের বিপরীতে লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্দিষ্ট সময়ে ক্যাডেট ভর্তি করা হয়েছে এবং প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠান ও ফলাফল ঘোষণার পর মার্চ ২০১৮ মাসে অর্জন প্রতিবেদন বাৎসরিকভাবে প্রদান করা সম্ভব হবে।

রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল আলোচনায় অংশ নিয়ে জানান যে, তাঁর সংস্থার আওতাধীন উদ্দেশ্যগত কৌশলের কার্যক্রম নং ৪.৯ নির্দেশকের বিপরীতে ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদানের জায়গার স্বল্পতার কারণে লক্ষ্যমাত্রা অর্জিত হয় নাই। ইতোমধ্যে আমরা সিডিআইএল-এর প্রশিক্ষণ কক্ষ ব্যবহারের অনুমতি পেয়েছি। তাছাড়া বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ইন্টার্নী ডাক্তারদের তালিকা অনুযায়ী জানুয়ারী/১৮ থেকে এপ্রিল/১৮ প্রশিক্ষণ প্রদানের সিডিউল রয়েছে। যথাসময়ে প্রশিক্ষণ বিষয়ক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।

বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০১৭) এবং অর্ধবার্ষিক প্রতিবেদন (জুলাই-ডিসেম্বর/২০১৭) অনুমোদন করা হয়।

**সিদ্ধান্ত:**

১.১। ২০১৭-২০১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর/২০১৭) এবং অর্ধবার্ষিক প্রতিবেদন (জুলাই-ডিসেম্বর/২০১৭) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়;

১.২। কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এখন হতে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে, তদারকি/পরিদর্শন জোরদার করতে হবে;

১.৩। সকল অর্জনের সপক্ষে প্রমাণক সংরক্ষণ করতে হবে।

আলোচ্যসূচি অনুযায়ী সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১/১৮

মোঃ মাকসুদুল হাসান খান
সচিব
ও
সভাপতি, বিএমসি কমিটি।